




Bangladesh Tourism Board
(National Tourism Organization)
BSL Office Complex (Hotel InterContinental), Level-3
Building-2, 1 Minto Road, Dhaka-1000, Bangladesh
www.tourismboard.gov.bd
www.beautifulbangladesh.gov.bd



কোভিড ১৯ চলাকালে
পর্যটকের জন্য নির্দেশিকা



বাংলাদেশ ট্যুরিজম বোর্ড
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

কোভিড ১৯ চলাকালে পর্যটকের জন্য অনুসরণীয় নির্দেশিকা

বিদেশ থেকে আগত পর্যটক এবং দেশীয় পর্যটক যারা বাংলাদেশের অভ্যন্তরে ভ্রমণ করবেন তাদেরকে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে:

- ১.১. কোনো ট্যুরের বিপরীতে অনলাইন বুকিং এবং অনলাইন অর্থ পরিশোধ নিশ্চিত করা।
- ১.২. ভ্রমণ বুকিং করার পূর্বের সমস্ত ভ্রমণ রেকর্ড সংগ্রহ এবং পরবর্তী ভ্রমণ পরিকল্পনা (Tour itinerary) সরবরাহ করা।
- ১.৩. আগমনী ভিসা (Visa on Arrival) সংক্রান্ত বিড়ম্বনা / জটিলতা এড়াতে বিদেশি পর্যটকদের ভিসা নিয়ে আসা।
- ১.৪. ইনবাল্ড পর্যটকদের ক্ষেত্রে ট্যুর বুকিংয়ের পূর্বে ভ্রমণসূচি (দিন-তারিখসহ) এবং স্বাস্থ্যবীমা নিশ্চিত করা।
- ১.৫. ভ্রমণ করার পূর্বে সাধারণ স্বাস্থ্য সুরক্ষার বিষয়ে সচেতন হওয়া এবং স্বাস্থ্য সুরক্ষা উপকরণের প্রাপ্যতা সম্পর্কে নিশ্চিত হওয়া।
- ১.৬. চিকিৎসা প্রতিবেদন/স্বাস্থ্য সনদ/ পিসিআর রিপোর্ট/COVID-19 নেই মর্মে প্রমাণক সঙ্গে রাখা।
- ১.৭. বিদেশি পর্যটক বাংলাদেশে প্রবেশের সাথে সাথে SOP ব্রসিউর সংগ্রহ করা এবং পর্যটন ও স্বাস্থ্যবিধির অ্যাপস মোবাইলে ইনস্টল করা।
- ১.৮. হ্যান্ডশেক, আলিঙ্গন এড়াতে নিজস্ব ঐতিহ্য, সংস্কৃতি ও প্রথা অনুযায়ী শুভেচ্ছা জানানো ও গ্রহণ করা।
- ১.৯. ভ্রমণের সময় আসন ব্যবস্থায় সামাজিক দূরত্ব বজায় রাখা নিশ্চিত করা।
- ১.১০. সেবা গ্রহণের পূর্বে সেবা সরবরাহকারী (হোটেল, রেস্তোরা, স্থানীয় পরিবহন, গাইড, স্যুভেনির শপ, পর্যটন আকর্ষণীয় স্থান ইত্যাদি) এর COVID-19 প্রটোকল রক্ষার সক্ষমতা যাচাই করা।
- ১.১১. যে কোন লম্বা লাইন, ভীড় এবং দীর্ঘ সময়ক্ষেপণ এড়াতে ট্যুরের সময়সূচি, প্রবেশের টিকিট, সিট, রাইড ইত্যাদি ক্রয় পূর্বেই নিশ্চিত করা।
- ১.১২. গ্রুপ সফরের পরিবর্তে ছোট বা পারিবারিক ভ্রমণকে পছন্দ করা।
- ১.১৩. লোক সমাগম, সমাবেশ এবং অজানা গন্তব্য যেমন: স্টেশন, বাজার, স্থানীয় সম্প্রদায় এবং তাদের আতিথেয়তা, স্থানীয় পরিবহন ইত্যাদি পরিহার করা।
- ১.১৪. স্বাস্থ্য সম্পর্কে সচেতন থাকা এবং ভ্রমণসূচি বহির্ভূত আয়োজন পরিহার করা।
- ১.১৫. ট্যুরের আগে অথবা ট্যুরকালীন ট্র্যাভেল এজেন্ট এবং অন্যান্য সেবা সরবরাহকারীকে পর্যটকের জরুরি যোগাযোগ নম্বর/ অবস্থানের ঠিকানা এবং অ্যালার্জি জনিত (যদি থাকে) সমস্যাগুলো শেয়ার করা।

- ১.১৬. সকল প্রকার জরুরি ওষুধ, কাগজপত্র/ যেকোন জটিল রোগের রিপোর্ট, পর্যাপ্ত নগদ অর্থ, পোশাক, পড়ার উপকরণ, ইনডোর গেমস, ছাতা/ রেইন কোট, উইন্ড ব্রেকার, ক্যাপ/ টুপি ইত্যাদি সঙ্গে রাখা।
- ১.১৭. অপ্রয়োজনীয় ভ্রমণ এবং অজানা গন্তব্য আবিষ্কারের জন্য সম্ভাব্য দর্শনীয় পর্যটন আকর্ষণীয় স্থান এবং সেবা প্রদানকারীর তথ্যাবলি ইন্টারনেট, বুকলেট, ভার্চুয়াল, সামাজিক যোগাযোগসহ অন্যান্য মাধ্যমে সংগ্রহ করা।
- ১.১৮. অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে পর্যটকের স্বাস্থ্য পরিস্থিতি ট্যুর ম্যানেজারের সাথে শেয়ার করা, ভ্রমণের সময় সমস্ত স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করার বিষয়ে অনুরোধ করা।
- ১.১৯. ভ্রমণের সময় সেবা প্রদানকারী এবং কর্মীদের মাস্ক, ক্যাপ, ব্যক্তিগত হ্যান্ড স্যানিটাইজার, লেগ পুশ ডাস্টবিন ইত্যাদি ব্যবহার করার অনুরোধ করা।
- ১.২০. সর্বসাধারণের স্পর্শস্থান যেমন: টেবিল, ডোর লক এবং হ্যান্ডেল, কাউন্টার টেবিল, চেয়ার, চেয়ার/ টেবিল কভার, মুদ্রণ ও প্রচার সামগ্রী, রেলিং, জানালার পর্দা, খাবারের পাত্র স্পর্শ করা এড়িয়ে চলা।
- ১.২১. বুফে খাবার এড়িয়ে চলা। সামাজিক দূরত্ব বজায় রেখে খাবার টেবিলে বসা এবং খাবার গ্রহণ করা।
- ১.২২. স্থানীয় COVID-19 অপারেশন প্রটোকলের প্রতি সম্মান প্রদর্শন করা এবং স্থানীয় সেবা প্রদানকারী ও কর্মীদের সহযোগিতা করা।
- ১.২৩. দেশ ত্যাগের পূর্বে স্বাস্থ্য পরীক্ষা করা এবং প্রমাণক সাথে নিয়ে যাওয়া।

[বি: দ্র: এই নির্দেশিকা পর্যটন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান চালু করার নির্দেশিকা নয়, বরং উপযুক্ত কর্তৃপক্ষের নির্দেশে যখন পর্যটন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান চালু হবে তখন এই নির্দেশিকা অনুসরণ করা আবশ্যিক হবে]

